



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

### শেরে বাংলা এ কে ফজলুল হক-এর জন্মদিন পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ অক্টোবর ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলের আয়োজনে পালিত হয়েছে শেরে বাংলা এ কে ফজলুল হক-এর ১৪৮ তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে ২৬ অক্টোবর সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শেরে বাংলা হলের প্রাধ্যক্ষ আবু জাফর মিয়ার সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। স্বাগত বক্তব্য রাখেন শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক ইয়াসিফ আহমেদ ফয়সাল। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রতিষ্ঠাকালীন প্রাধ্যক্ষ ড. আব্দুল্লাহ আল মাসুদ, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ও বঙ্গবন্ধু পরিষদের সভাপতি তানভীর কায়সার, ইতিহাস ও সভ্যতা বিভাগের সহকারী অধ্যাপক ড. আবদুল বাতেন চৌধুরী, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী খাইরুল ইসলাম সোহাগ এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী আশরাফুল ইসলাম দীপ। এসময় বক্তারা শেরে বাংলা এ কে ফজলুল হক এর বর্ণাঢ্য কর্মময় জীবনের নানা দিক নিয়ে আলোচনা করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারিরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস